

স্মারক নম্বর: ০৫.২০.৩০১৪.০০০.১১.০০১.২৩- ৩৩৩

তারিখ: ২০ জুন ২০২৩ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) এর (খ) ও ৫ এর ১,২ উপ-বিধি অনুযায়ী ছাগলনাইয়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (দফাদার) শূন্য পদে উক্ত ইউনিয়ন পরিষদে কর্মরত মহল্লাদারদের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে দফাদার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে শর্ত সাপেক্ষে আগামী ১৬/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করার জন্য আহ্বান করা হচ্ছে। অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা
০১	রাধানগর	গ্রাম পুলিশ (দফাদার)	০১
০২	ঘোপাল	গ্রাম পুলিশ (দফাদার)	০১

আবেদনপত্র প্রেরণ ও নিয়োগের শর্তাবলী:

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে অবশ্যই শারিরিক ও মানসিকভাবে সক্ষম এবং ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- ০৩। গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে চাকুরী কমপক্ষে ০৭ (সাত) বছর হতে হবে।
- ০৪। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৫। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৬। আবেদনের সাথে সংযুক্ত করতে হবে:
 - ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
 - খ) নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদপত্র।
 - গ) শিক্ষাগত যোগ্যতার ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
 - ঘ) পোষ্য হলে সনদ (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।
 - ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
 - চ) যে ইউনিয়ন পরিষদে মহল্লাদার পদে কর্মরত আছেন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। প্রত্যয়নপত্রে মহল্লাদার পদে নিয়োগ ও যোগদানের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭। কোন অবস্থাতেই অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না।
- ০৮। আবেদনপত্র জমা দেওয়ার তারিখ ও সময়: ২১/০৬/২০২৩ হতে ১৬/০৭/২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে।
- ০৯। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ১০। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



মৌমিতা দাশ

উপজেলা নির্বাহী অফিসার

ছাগলনাইয়া, ফেনী

মোবাইল নম্বর: ০১৭১৩-১৮৭৩১৭

ইমেইল: unochagalnaiya@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.৩০১৪.০০০.১১.০০১.২৩- ৩৩৫/২৬)

তারিখ: ২০ জুন ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, ফেনী।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাগলনাইয়া, ফেনী।

০৩। সহকারী কমিশনার (ভূমি), ছাগলনাইয়া, ফেনী।

০৪। অফিসার ইনচার্জ, ছাগলনাইয়া থানা, ছাগলনাইয়া, ফেনী।

০৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী।

০৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী।

০৭। চেয়ারম্যান, রাখানগর/ যোপাল ইউনিয়ন পরিষদ। (তাকে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধ করা হলো।)

০৮। অফিস কপি।

অত্র কার্যালয়ের স্মারক নম্বর- ০৫.২০.৩০১৪.০০০.১১.০০১.২৩-৫৬; তারিখ
মূলে অনুমোদিত কমিটি দফাদার পদে পদোন্নতি প্রদানের আবেদনসমূহ যাচাই
বাছাই করে নিম্নস্বাক্ষরকারীর নিকট সুপারিশ প্রেরণ করার জন্য অনুরোধ করা
হলো।

উপজেলা নির্বাহী অফিসার
ছাগলনাইয়া, ফেনী